**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 16-07-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Ratha Yatra :**

আজ রথযাত্রা উৎসব। আগরতলাসহ রাজ্যের বিভিন্ন স্থানে রথযাত্রার প্রস্তুতি নেওয়া হয়েছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, হরেকৃষ্ণ মন্দির থেকে সুসজ্জিত রথের আয়োজন করা হয়েছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'রথযাত্রা ধর্মীয় ঐতিহ্য, সমৃদ্ধ সংস্কৃতি ও চিরন্তন মূল্যবোধের এক অনন্য প্রতীক। এই উৎসব ত্রিপুরার সামাজিক সম্প্রীতি, ঐক্য ও ভ্রাতৃত্ববোধের এক উজ্জ্বল নিদর্শন বলেও তিনি উল্লেখ করেন।

এই উৎসবকে কেন্দ্র করে রাজ্যের সর্বস্তরের ভক্ত, রথযাত্রা আয়োজক কমিটি এবং সাধারণ মানুষের উদ্দেশ্যে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। একই সঙ্গে তিনি সকলের নিরাপদ ও নির্বিঘ্ন রথযাত্রা নিশ্চিত করতে জেলা প্রশাসন এবং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের জারি করা নির্দেশিকা ও নিরাপত্তা বিধি কঠোরভাবে মেনে চলার আবেদন জানিয়েছেন।

রাজ্য পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব জানিয়েছেন, আগরতলায় আট জায়গা থেকে বিকালে রথযাত্রা বের হবে। প্রত্যেক রথযাত্রায় পুলিশের নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। এজন্য বেলা দুটো থেকে রাত ৯টা পর্যন্ত আগরতলায় বেশ কিছু রাস্তায় নো-এন্ট্রি বসানো হবে।

******************************

**Union Cabinet :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা উত্তর প্রদেশে জাতীয় মহাসড়ক-১৯ এবং বারাণসী রিং রোডের মধ্যে ৪৬ কিলোমিটারেরও বেশি দীর্ঘ একটি ৬-লেনের গ্রিনফিল্ড এলিভেটেড করিডোর নির্মাণ প্রকল্পে গতকাল অনুমোদন দিয়েছে। নয়াদিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, এই প্রকল্পের মোট ব্যয় ১৪ হাজার ৪০০ কোটি টাকারও বেশি। প্রকল্পের আওতাধীন এলাকায় এরফলে যাতায়াতের গড় সময় প্রায় ৬০ মিনিট থেকে কমে ২০ মিনিটে নেমে আসবে।

এছাড়া ভারতের সেমিকন্ডাক্টর ডিজাইন ও উৎপাদন ইকোসিস্টেমের উন্নয়নের জন্য কেন্দ্রীয় মন্ত্রিসভা ১ লক্ষ ২৭ হাজার ৫০০ কোটি টাকার বাজেট বরাদ্দ সহ সেমিকন দ্বিতীয় পর্যায়ের কর্মসূচিতেও সম্মতি দিয়েছে বলে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী জানিয়েছেন।

***************************

**Skill Development :**

রাজ্য সরকারের দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সহযোগিতায় ধলাই জেলা হাসপাতালে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা চতুর্থ পর্যায়ের আওতায় ধলাই জেলার যুবক যুবতীদের জন্য 'জেরিয়াট্রিক কেয়ার গিভার' প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। গতকাল কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী জয়ন্ত চৌধুরী ভার্চুয়ালি এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। এই কোর্সের লক্ষ্য হলো স্বাস্থ্যসেবা খাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা এবং কর্মসংস্থান ও জীবিকা অর্জনের নতুন সুযোগ সৃষ্টি করা।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৬তম পর্ব।

প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন।

***************************

**General Meeting :**

গ্রামীণ এলাকার জনগণের আর্থিক স্বনির্ভরতা নিশ্চিত করতে সমবায় দপ্তর ধারাবাহিকভাবে কাজ করছে বলে জানিয়েছেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। গতকাল শান্তিরবাজার প্রাথমিক কৃষি সমবায় সমিতি লিমিটেডের বার্ষিক সাধারণ সভায় তিনি এই আন্দোলনকে আরও গতিশীল করা, কৃষকদের আর্থিক উন্নয়ন এবং গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার উপরও গুরুত্ব আরোপ করেন।

****************************

**National Law University :**

"সবকি যোজনা, সবকা বিকাশ" এই ভাবধারায় রাজ্যে পঞ্চায়েত ও ভিলেজ কমিটিতে চালু থাকা "গ্রাম পঞ্চায়েত উন্নয়ণ পরিকল্পনা" বাস্তবায়িত হচ্ছে। এই পরিকল্পনাকে আরো জনকেন্দ্রিক ও অর্থবহ করতে ত্রিপুরা আইন বিশ্ববিদ্যালয় এগিয়ে এসেছে। বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিতে পঞ্চায়েতের জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিকদের সঙ্গে মতবিনিময়, তথ্য সংগ্রহ ইত্যাদির মাধ্যমে জন-অংশগ্রহণমূলক কাজকর্ম যাচাই করছে বিশ্ব বিদ্যালয়ের দল। ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের পূর্ব কাঞ্চনবাড়ি পঞ্চায়েত আইন বিশ্ববিদ্যালয় দুই সদস্যক প্রতিনিধিদল সার্বিক বিষয় খতিয়ে দেখেন। আগামী ২৪শে জুলাই পর্যন্ত এই কর্মধারা চলবে।

***************************

**FIFA World Cup :**

ফুটবল বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে আর্জেন্টিনা ইংল্যান্ডকে হারিয়ে ফাইনালে পৌঁছে গেল। ম্যাচে প্রথম গোলটি করে ইংল্যান্ড। ১-০ পিছিয়ে

থাকা অবস্থায় প্রথমে এনজো ফার্নান্দেজ এবং পরে লাউতারো মার্টিনেজ দুটি গোল করে আর্জেন্টিনাকে জয় এনে দেন। ফাইনালে তারা স্পেনের মুখোমুখি হবে আগামী রবিবার।

****************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আকাশ সাধারনত মেঘলা থাকবে। উত্তর জেলায় অতি ভারী বর্ষণ সহ সারা রাজ্যে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************